রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ডিসেম্বর ১৫, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩০ অগ্রহায়ণ ১৪৩২/ ১৫ ডিসেম্বর ২০২৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০৫৭.২৪.২৮৪—জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ১৪ জুলাই ১৯৯৯ সালে কুমিল্লা জেলার মুরাদনগরে জন্মগ্রহণ করেন। বর্তমানে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত। জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের একাধিক মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বৈষম্য-বিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম প্রধান ব্যক্তিত্ব, ২০২৪ সালের বাংলাদেশের কোটা সংস্কার ও অসহযোগ আন্দোলনে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন, উক্ত আন্দোলনের প্রেক্ষাপটে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগ এবং একইসাথে ফ্যাসিবাদী শাসনের অবসান ঘটে।

২। জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার সমাজসেবামূলক কার্যক্রম ২০১৮ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শুরু হয়। এর অংশ হিসেবে তিনি ২০১৮ সালে সরকারি চাকরিতে কোটা ব্যবস্থার সংস্কার আন্দোলনে নেতৃত্ব দেন। ২০১৯ সালে তিনি সড়ক নিরাপত্তার জন্য নিরাপদ সড়ক আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। তিনি বুয়েট ছাত্র আবরার ফাহাদ হত্যার বিচার দাবি করতে সোচ্চার ছিলেন।

৩। ২০২৪ সালের আগস্ট মাসে জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া প্রফেসর মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা হিসেবে নিয়োগ লাভ করেন। ছাত্রনেতা থেকে উপদেষ্টা হিসেবে নিরবচ্ছিন্ন যাত্রা, তাঁর নেতৃত্বের সক্ষমতাকে সঠিকভাবে প্রতিফলিত করে। তিনি একজন দক্ষ ক্রীড়াবিদ হিসেবেও পরিচিত। জুলাই গণঅভ্যুত্থানের অভিজ্ঞতা ও স্মৃতিকথা নিয়ে লেখা তাঁর ‘জুলাই: মাতৃভূমি অথবা মৃত্যু’ বইটি বহুল সমাদৃত।

৪। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে উপদেষ্টা পরিষদের ২৬ অগ্রহায়ণ ১৪৩২/ ১১ ডিসেম্বর ২০২৫ তারিখের বৈঠকে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

৫। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

## উপদেষ্টা পরিষদের ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ১৪ জুলাই ১৯৯৯ সালে কুমিল্লা জেলার মুরাদনগরে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকার নাখালপাড়া হোসেন আলী উচ্চ বিদ্যালয় হতে মাধ্যমিক এবং আদমজী ক্যান্টনমেন্ট কলেজ হতে উচ্চ মাধ্যমিক শিক্ষা সম্পন্ন করেন। তিনি বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) এর একজন ক্যাডেট সার্জেন্ট ছিলেন। বর্তমানে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত।

জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের একাধিক মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বৈষম্য-বিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম প্রধান ব্যক্তিত্ব, ২০২৪ সালের বাংলাদেশের কোটা সংস্কার ও অসহযোগ আন্দোলনে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন, উক্ত আন্দোলনের প্রেক্ষাপটে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগ এবং একইসাথে ফ্যাসিবাদী শাসনের অবসান ঘটে।

জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার সমাজসেবামূলক কার্যক্রম ২০১৮ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শুরু হয়। এর অংশ হিসেবে তিনি ২০১৮ সালে সরকারি চাকরিতে কোটা ব্যবস্থার সংস্কার আন্দোলনে নেতৃত্ব দেন। ২০১৯ সালে তিনি সড়ক নিরাপত্তার জন্য নিরাপদ সড়ক আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। তিনি বুয়েট ছাত্র আবরার ফাহাদ হত্যার বিচার দাবি করতে সোচ্চার ছিলেন।

২০২৪ সালের আগস্ট মাসে জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া প্রফেসর মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা হিসেবে নিয়োগ লাভ করেন। ছাত্রনেতা থেকে উপদেষ্টা হিসেবে নিরবচ্ছিন্ন যাত্রা, তাঁর নেতৃত্বের সক্ষমতাকে সঠিকভাবে প্রতিফলিত করে। তিনি একজন দক্ষ ক্রীড়াবিদ হিসেবেও পরিচিত। জুলাই গণঅভ্যুত্থানের অভিজ্ঞতা ও স্মৃতিকথা নিয়ে লেখা তাঁর 'জুলাই: মাতৃভূমি অথবা মৃত্যু' বইটি বহুল সমাদৃত।

দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য উপদেষ্টা পরিষদ জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd